# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
## মুখপাত্র
## www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৯৫

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৮৯তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৮৯তম কমিশন সভা গত ২৩/১২/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

১। কমিশন সভায় স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার কর্তৃক কমিশনের নিকট দাখিলকৃত বোর্ড অনুমোদিত নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লসের প্রভিশন সংরক্ষণ ও সমন্বয় সংক্রান্ত অ্যাকশন প্ল্যান বিবেচনাপূর্বক নিম্নের ছকের স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারদের নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর বিপরীতে প্রভিশন সংরক্ষণ ও সমন্বয় করার সময়সীমা বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক নম্বর | প্রতিষ্ঠানের নাম |
|---|---|
| ১ | NBL Securities Limited |
| ২ | Unicap Securities Limited |
| ৩ | LankaBangla Securities Limited |
| ৪ | New Era Securities Limited |
| ৫ | Kabir Securities Ltd |
| ৬ | NBL Capital and Equity Management Ltd. |

উল্লেখ্য, উপর্যুক্ত স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকাদের নেগেটিভ ইকুইটি ও আনরিয়েলাইজড লস এর প্রভিশন ও সমন্বয়ের সময়সীমা কমিশনের আদেশ (বিএসইসি/এসএমএমআইডি/এনই/এপি/২০২৫/১০৮/৬২৯; তারিখ ১৩ নভেম্বর ২০২৫) পরিপালন সাপেক্ষে বর্ধিত করার সিদ্ধান্ত হয়েছে যার মধ্যে উল্লেখ্যযোগ্য হলো নেগেটিভ ইক্যুইটি ও আনরিয়েলাইজড লস এর বিপরীতে বর্ধিত সময়কালে প্রভিশন সংরক্ষণ ও সমন্বয়ের ক্ষেত্রে স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকারের নিট সম্পদ(net worth) এর ঘাটতি সংক্রান্ত বিধান পরিপালনে সাময়িক শিথিলতা থাকবে। এতদসংক্রান্ত কমিশনের আদেশটি কমিশনের ওয়েবসাইটের 'Securities Laws' মেনুর 'Securities Laws, Rules, Regulations' সাব মেনুতে পাওয়া যাবে।

এছাড়াও, যেসকল স্টক ব্রোকার, স্টক ডিলার ও মার্চেন্ট ব্যাংকার এখনও বোর্ড অনুমোদিত অ্যাকশন প্ল্যান কমিশনে জমা দেয়নি, তাদেরকে অবশ্যই ৩১/১২/২০২৫ তারিখের মধ্যে যথাযথ এবং বোর্ড অনুমোদিত অ্যাকশন প্ল্যান কমিশনে দাখিল করতে হবে এবং অন্যথায় তাদের পূর্ণ প্রভিশন সংরক্ষণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

২৪/১২/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র